



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৫৫

তারিখঃ ডিসেম্বর ০৯, ২০১৩

নির্দেশনা

স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা

(১) স্টক ব্রোকার/স্টক ডিলার :

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, স্টক ব্রোকার/স্টক ডিলার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করল:

- স্টক ডিলারদের, ডিলার হিসাবে (Dealer Account) ধারণকৃত শেয়ারের ৩১শে ডিসেম্বর ২০১৩ ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৩ ইং হতে ডিসেম্বর ২০১৪ ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল; এবং
- স্টক ব্রোকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১শে ডিসেম্বর ২০১৩ ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৩ ইং হতে ডিসেম্বর ২০১৪ ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ শে ডিসেম্বর ২০১৩ ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হবে। একইসাথে ২০১৩ সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।

(২) মার্চেন্ট ব্যাংকারঃ

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করল:

- মার্চেন্ট ব্যাংকার সমূহ (যার জন্য প্রযোজ্য) নিজস্ব পোর্টফোলিওতে (Own Portfolio) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৩ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৩ইং হতে ডিসেম্বর ২০১৪ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল; এবং
- মার্চেন্ট ব্যাংকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১শে ডিসেম্বর ২০১৩ ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৩ ইং হতে ডিসেম্বর ২০১৪ ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ শে ডিসেম্বর ২০১৩ ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হবে। একইসাথে ২০১৩ সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান